গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৮৭.২৬-৬৪২

তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ / ০৫ নভেম্বর, ২০২৬

বিষয়: মরহুম মোঃ আব্দুল লতিফ বাদল, অফিস সহায়ক - এর লাম্পগ্রান্ট, আনুতোষিক ও মাসিক অবসভাতা পরিশোধের মঞ্জুরী।

যুব উন্নয়ন অধিদপ্তর নরসিংদী জেলার সদর উপজেলা কার্যালয়ের অফিস সহায়ক মোঃ আব্দুল লতিফ বাদল গত ০৮-০৭-২০২৬খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। ওয়ারিশ সনদে মরহুমের স্ত্রী মোসাঃ আছমা আক্তার লাম্পগ্রান্ট, আনুতোষিক এবং মাসিক অবসরভাতা মঞ্জুরীর জন্য আবেদন দাখিল করেন। মরহুমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ৩২ বছর ০৮ মাস ২৬ দিন এবং বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী মরহুমের পূর্ণ গড় বেতনে ০২ বছর ০৬ মাস ১২দিন ও অর্ধ গড় বেতনে ০২ বছর ০৮ মাস ১৩ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন ২১,৮০০/-(একুশ হাজার আটশত) টাকা। ২১৮০০/- টাকার ৯০% হারে ১৯৬২০/-(উনিশ হাজার ছয়শত বিশ) টাকা মোট অবসরভাতা প্রাপ্য। অবসরভাতা ১৯৬২০/-টাকার ১ম অর্ধাংশ ৯,৮১০/-(নয় হাজার আটশত দশ) টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৯৮১০X২৩০= ২২,৫৬,৩০০/-(বাইশ লক্ষ ছাপান্ন হাজার তিনশত) টাকা আনুতোষিক ও দ্বিতীয় অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসেবে ৯,৮১০/-(নয় হাজার আটশত দশ) টাকা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ ২১৮০০X১৮ = ৩,৯২,৪০০/-(তিন লক্ষ বিরানব্বই হাজার চারশত) টাকা লাম্পগ্রান্ট বাবদ প্রাপ্য। **অতিরিক্ত আহরিত বেতন ভাতা বাবদ ৭১,৩৭৯/-(একাত্তর হাজার তিনশত উনআশি) টাকা প্রাপ্য আনুতোষিক হতে আদায়যোগ্য।**

২। এমতাবস্থায় মৃত মোঃ আব্দুল লতিফ বাদল,অফিস সহায়ক এর প্রাপ্য আনুতোষিক ২২,৫৬,৩০০/-(বাইশ লক্ষ ছাপান্ন হাজার তিনশত) টাকা হতে অতিরিক্ত গৃহিত **৭১,৩৭৯/-(একাত্তর হাজার তিনশত উনআশি)** টাকা কর্তন পূর্বক (২২,৫৬,৩০০ - **৭১,৩৭৯**)= ২১,৮৪,৯২১/-(একুশ লক্ষ চুরাশি হাজার নয়শত একুশ) টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ মাসিক অবসরভাতা হিসেবে ৯,৮১০/-(নয় হাজার আটশত দশ) টাকা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ ২১৮০০X১৮ = ৩,৯২,৪০০/-(তিন লক্ষ বিরানব্বই হাজার চারশত) টাকা লাম্পগ্রান্টসহ সমুদয় অর্থ মৃত মোঃ আব্দুল লতিফ বাদল এর স্ত্রী মোসাঃ আছমা আক্তার-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে প্রদান করা হলো। মরহুমের লাম্পগ্রান্ট,আনুতোষিক এবং মাসিক অবসর ভাতা পরিশোধের জন্য নিম্নলিখিত কাগজপত্র এতদসংগে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক) কপি
২	মৃত্যু সনদ	০১(এক) কপি
৩	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট	০১(এক) কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়ন পত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক) কপি
৭	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	০১(এক) কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

(ডি এম আতিকুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
নরসিংদী।

পাতা-২

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৮৭.২৬- ৬৪২

তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ / ০৫ নভেম্বর, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। পরিচালক (অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নরসিংদী।

৩। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়বসাইটে প্রকাশ করার জন্য)।

৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর উপজেলা, নরসিংদী ।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব মোসাঃ আছমা আক্তার, গ্রাম+ডাকঘর-নারান্দি ১৬৫১, মনোহরদী, নরসিংদী।

৭। অফিস কপি।

(মোঃ কামরুজ্জামান)
সহকারী পরিচালক(অর্থ)
ও
কল্যাণ কর্মকর্তা
ফোন: ০২-২২৩৩৮৩২৮৩